শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

তারিখঃ ১০ চৈত্র ১৪২৫ / ২৪ মার্চ ২০১৯

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৪.১৭(অংশ)-১৭০

বিষয়ঃ রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ মামলার ১০.০১.১৯ খ্রি. তারিখের রায়ের আলোকে গৃহীত ব্যবস্থা মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিতকরণ।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩.১৮-৭৬৫, তারিখ: ১৯.০৭.১৮ খ্রি. ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনৈক আব্দুল আজিজ, সহকারী মৌলভী, পাবনা জেলার সদর উপজেলাধীন দ্বীপচর দারুল উলুম দাখিল মাদরাসা এবং অপর ৫৪ জন পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে বেসরকারি হাই স্কুল এর ধর্মীয় শিক্ষকের সাথে (একই শিক্ষাগত যোগ্যতা থাকায়) বেসরকারি মাদরাসায় কর্মরত সহকারী মৌলভীর বেতন সমতার দাবীতে রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন -ভাতাদি'র সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" এর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান -এর শিক্ষক ও কর্মচারীদের জন্য নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনস্কেল সম্পর্কিত পরিশিষ্ট-"ঘ" -এ বেসরকারি হাইস্কুলের কামিল পাশ যোগ্যতা সম্পন্ন সহকারী শিক্ষক (ধর্ম) এর বেতন কাঠামো এবং বেসরকারি দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী শিক্ষক কামিল পাশ হলেও বেতন কাঠামোতে বিদ্যমান বৈষম্যকে দূর করার নিমিত্ত রিট মামলার মাধ্যমে প্রতিকারের দাবী করা হয়।

০৩। জনবল কাঠামো এবং এমপিও সংক্রান্তে জারীকৃত ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" সনের নীতিমালায় সহকারী মৌলভী এবং হাইস্কুলের ধর্মীয় শিক্ষক বিষয়ে এবং ২০১৮ সনের নীতিমালায় সহকারী মৌলভী বিষয়ে যে বিধান রয়েছে তা নিম্নরূপ-

| ক্রমিক | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" সনের নীতিমালা মতে শিক্ষাগত যোগ্যতা ও বেতনস্কেল | | ২০১৮ সনের নীতিমালা মতে শিক্ষাগত যোগ্যতা ও বেতনস্কেল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১. | হাইস্কুল | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম ধর্মের ক্ষেত্রে-<br>(ক) কামিল/সমমান ডিগ্রি<br>অথবা<br>(খ) ফাজিল/সমমান ডিগ্রি<br>(কপি সংযুক্ত) | ক.৮০০০ - ১১১৫০/-<br>খ. ৬৪০০ - ৯৩০৫/-<br>অথবা<br>৮০০০-১১১৫০/- (দ্বিতীয় শ্রেণির বিএড প্রশিক্ষণ থাকলে) (কপি সংযুক্ত) | - | - | |
| ০২. | মাদরাসা | সহকারী মৌলভী | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলোদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/সমমান ডিগ্রিসহ বিএমএড/ বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/সমমান ডিগ্রি এবং বিএমএড/বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রিসহ বিএমএড/বিএড/ সমমান<br><br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলোদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রি/সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি/সমমান<br>(প: পৃ: ১৫০) | (১) ৮০০০ - ১১১৫০/-<br>(কপি সংযুক্ত)<br><br>(২) ৬৪০০ - ৯৩০৫/-<br>(কপি সংযুক্ত) | (১) বাংলোদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিসহ বিএমএড/বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/সমমান ডিগ্রিসহ বিএমএড/বিএড/সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ অনার্স ডিগ্রিসহ বিএমএড/বিএড/সমমান<br><br>(২) বাংলোদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/সমমান | (১) গ্রেড-১০<br>১৬০০০ - ৮৬৪০/-<br><br>(২) গ্রেড-১১<br>১২৫০০ - ৩০২৩০/- | কপি সংযুক্ত |

চলমান পৃষ্ঠা/২

০৪। উপরের ছক হতে এটা স্পষ্ট যে ইতোমধ্যে উক্ত বেতনস্কেলের বৈষম্য দূর করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ গত ১৯ জুলাই ২০১৮ তারিখে প্রকাশিত হয়েছে।

০৫। রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ এর ১০.০১.১৯ খ্রি. তারিখের আদেশে বর্ণিত রিট মামলায় Respondent No. 5 and 6 যথাক্রমে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে পক্ষভুক্ত করে বিষয়টি অবগতির জন্য এ বিভাগে প্রেরণ করা হয়।

০৬। যেহেতু "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন -ভাতাদি'র সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" এর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান -এর শিক্ষক ও কর্মচারীদের জন্য নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনস্কেল সম্পর্কিত পরিশিষ্ট-"ঘ"–তে বিদ্যমান বেসরকারি হাইস্কুলের কামিল পাশ যোগ্যতা সম্পন্ন সহকারী শিক্ষক (ধর্ম) এর বেতন কাঠামো এবং বেসরকারি দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী শিক্ষক একই শিক্ষাগত যোগ্যতাধারী (কামিল পাশ) হওয়া সত্ত্বেও বেতন কাঠামোর মধ্যে বৈষম্য ছিল এবং যেহেতু কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গত ১৯.০৭.২০১৮ খ্রি: তারিখে জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট-"ঘ" (Read with article 11.3) মতে উক্ত বেতনস্কেলের বৈষম্য {সহকারী মৌলভী এবং সহকারী শিক্ষক (ধর্মীয়) এর মধ্যে} দূর করা হয়েছে সেহেতু রিট মামলা নং-১১১৩১/১৬ মামলায় চাহিত প্রতিকা'র ইতোমধ্যে পিটিশনারসহ এরূপ সংশ্লিষ্ট সকলকে প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে, সেহেতু আলোচ্য মামলার Maintainability নেই মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" সনে জারিকৃত এমপিও সংক্রান্ত নীতিমালাটি বাতিলক্রমে ২০১৮ সনের এ সংক্রান্ত নীতিমালা জারি হয়েছে বিধায় ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" সনের নীতিমালাটি বর্তমানে কার্যকর নেই।

০৭। যেহেতু ২০১৮ সনে জারীকৃত এমপিও নীতিমালা অনুযায়ী পিটিশনারসহ অন্যান্য সংশ্লিষ্টদের রিট মামলায় প্রার্থীত প্রতিকার প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে, মামলাটি নিষ্পত্তির স্বার্থে সরকার কর্তৃক এ বিষয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মামলার জবাবে (Affidavit in opposition) উল্লেখপূর্বক জবাব মহামান্য আদালতে দাখিলের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব এস.কে সফিক মাহমুদ পুস্পকে দায়িত্ব প্রদান করা হলো।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ মামলায় উপরিউক্ত মতে বিষয়াদি উল্লেখপূর্বক সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্ট বিভাগে দাখিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ৩১.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ এর আর্জির কপি।
খ. রিট পিটিশন নং-১১১৩১/২০১৬ মামলার ১০.০১.১৯ খ্রি. তারিখের আদেশের কপি- ০১ (এক) পাতা।
গ. ১৯.০৭.১৮ খ্রি. তারিখে প্রকাশিত এমপিও নীতিমালার সংশ্লিষ্ট অংশের কপি- ০৪ (চার) পাতা।
ঘ. ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)" সনে এমপিও নীতিমালার সংশ্লিষ্ট অংশের কপি-০৩ (তিন) পাতা।
ঙ ওকালতনামা ও অথরাইজেশন লেটার- ০২ পাতা।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

এস. কে সফিক মাহমুদ পুস্প
বিজ্ঞ কৌসুলি, চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা)
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স,
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী,
৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।